



## জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)  
বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫  
ফোনঃ ০২- ৫৫০১৩৭২৬-২৮; ই-মেইলঃ [info@nhrc.org.bd](mailto:info@nhrc.org.bd)

স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞ:/-২৩৯/১২-৭৪

তারিখ: ১৫ অক্টোবর ২০১৯

### প্রেস বিজ্ঞপ্তি-

দুর্ভাগাদের দ্বারা সুনামগঞ্জে ৫ বছরের শিশু তুহিনকে বীভৎসভাবে হত্যার ঘটনায় তীব্র নিন্দা জ্ঞাপন করেছেন জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান নাছিমা বেগম এনডিসি। তিনি বলেন, “কমিশন লক্ষ্য করেছে, সমাজের কিছুসংখ্যক মানুষের মানবিক মূল্যবোধের চরম অবনতির ফলে বিভিন্ন ধরণের জঘন্য অপরাধ সংঘটিত হচ্ছে। গতকাল দুর্ভাগাদের দ্বারা সুনামগঞ্জে ৫ বছরের শিশু তুহিনকে অত্যন্ত নিষ্ঠুর ও বীভৎস কায়দায় যে হত্যাকাণ্ড সংঘটিত হয়েছে কমিশন তার তীব্র নিন্দা জ্ঞাপন করে। প্রকৃত খুনীদের দ্রুত আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিতের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে আহ্বান জানানো হয়।”

উল্লেখ্য, উক্ত ঘটনা কমিশন স্বতঃপ্রণোদিত হয়ে আমলে নিয়ে সুনামগঞ্জের পুলিশ সুপারকে ৭ নভেম্বরের মধ্যে তদন্তপূর্বক গৃহীত ব্যবস্থা সম্পর্কে কমিশনকে অবহিত করার জন্য পত্র দিয়েছে।

ধন্যবাদান্তে,

ফারহানা সাঈদ  
জনসংযোগ কর্মকর্তা  
জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ